গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা ও দায়রা জজের কার্যালয়,পঞ্চগড়

ফোনঃ ০৫৬৮-৬১২০১, ৬১২৮১, ফ্যাক্স-০৫৬৮-৬১৯৩০, ইমেইলঃ djpnbd@gmail.com.

আদেশ নং ২৮

তারিখ ১০/১২/১৪২৬ বঙ্গাব্দ
২৪/০৩/২০২০ খ্রিস্টাব্দ

"আদেশ"

পঞ্চগড় জেলা জজশীপের অধীন প্রশাসনিক দপ্তরের অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর জনাব রণজিৎ কুমার রায় এর বয়স ৫৯ বৎসর পূর্তিতে তিনি সরকরি চাকরি হতে অবসর গ্রহণের আবেদনপত্র দাখিল করিয়া অবসর-উত্তর ছুটি (**Post Retirement Leave**) এবং যাবতীয় সরকারী পাওনাদী প্রদানের আবেদন করিয়াছেন।

অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর জনাব রণজিৎ কুমার রায় এর আবেদনপত্র, চাকরি বহি, ভারপ্রাপ্ত জজ, হিসাব শাখার গত ২৩/০৩/২০২০ খ্রিঃ/ ০৯/১২/১৪২৬ বঙ্গাব্দ তারিখের ১৪/১(২) হিঃ নং স্মারকমূলে প্রেরিত প্রতিবেদন ও অফিস রেকর্ড পর্যালোচনায় দেখা যায় যে, উক্ত কর্মচারী গত ০৯/১১/১৯৮৭ ইং তারিখে সরকারী চাকুরীতে যোগদান করেন। তাঁহার চাকুরীকাল সন্তোষজনক। তাঁহার জন্ম তারিখ ০৪/০৪/১৯৬১ খ্রিঃ। তদানুযায়ী ০৩/০৪/২০২০ খ্রিঃ তারিখে তাঁহার বয়স ৫৯ বছর পূর্ণ হইবে। সরকারি চাকরি আইন, ২০১৮ (বুধবার, নভেম্বর ১৪, ২০১৮ খ্রিঃ তারিখের গেজেটে প্রকাশিত) এর ৪৩ (১) (ক) উপ-ধারানুযায়ী তাঁহার বয়স ৫৯ বছর পূর্তিতে উক্ত আইনের ধারা ৪৭ এবং জাতীয় বেতন স্কেল ২০১৫-এর ১০ (২) (ক) উপ-বিধি মোতাবেক আগামী ০৪/০৪/২০২০ খ্রিঃ তারিখ হইতে তাহাকে সরকারি চাকরি হইতে অবসর- উত্তর ছুটি (**Post Retirement Leave**) মন্জুর করা যাইতে পারে। বাংলাদেশ সার্ভিস রুলস্ (পার্ট-১) এর বিধি ৭৯ এর বিধানমতে তাঁহার ৫৯ বছর পূর্তির দিনটি অর্থাৎ ০৩/০৪/২০২০ খ্রিঃ তারিখটি অকর্ম দিবস (**Non-working day**) হিসাবে গণ্য হইবে। তাই অবসর গ্রহণের নির্ধারিত দিনটির পরবর্তী দিন হইতে তাহাকে আগামী ০৪/০৪/২০২০ খ্রিঃ তারিখ হতে ০৩/০৪/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর অবসর-উত্তর ছুটি (**Post Retirement Leave**) মন্জুর করা হইল এবং উক্ত আইনের ৪৩ (১) (খ) উপ-ধারানুযায়ী অবসর-উত্তর ছুটি শেষ হইবার পর অর্থাৎ ০৪/০৪/২০২১ খ্রিঃ তারিখ হতে তাঁহাকে পূর্ণ অবসরে যাবার অনুমতি প্রদান করা হইল।

ছুটির প্রাপ্যতার বিষয়ে ভারপ্রাপ্ত জজ, হিসাব শাখার প্রতিবেদন অনুযায়ী উক্ত কর্মচারীর পূর্ণগড় বেতনে ০২ বছর ০৬ মাস ০৪ দিন এবং অর্ধগড় বেতনে ০২ বছর ০৫ মাস ২০ দিন অর্জিত ছুটি প্রাপ্য রহিয়াছে। অর্ধগড় বেতনে ০২ বছর ০৫ মাস ২০ দিনের অর্জিত ছুটিকে পূর্ণগড় বেতনে রুপান্তর করিলে ০১ বছর ০২ মাস ২৫ দিন দাড়ায়। সে হিসাবে তাহার মোট অর্জিত ছুটির পরিমাণ দাড়ায় (০২ বছর ৬ মাস ০৪ দিন + ০১ বছর, ২ মাস ২৫ দিন) = ০৩ বছর ০৮ মাস ২৯ দিন দাঁড়ায়। উক্ত কর্মচারীর বর্তমান মূল বেতন ২০,৮১০/-( বিশ হাজার আটশত দশ) টাকা। উক্ত পাওনা ছুটির পরিবর্তে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ (২) (খ) উপবিধি অনুযায়ী তাহার ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থাৎ ২০৮১০ x ১৮= ৩,৭৪,৫৮০/- (তিন লক্ষ চুয়াত্তর হাজার পাঁচশত আশি) টাকা (**Lump grant**) নগদায়ন করার অনুমতি প্রদান করা হইল।

উল্লেখ্য যে, অবসর-উত্তর ছুটি ভোগ শেষে তিনি বিধি মোতাবেক আনুতোষিক ও পেনশন গ্রহণসহ যাবতীয় সুবিধাদি প্রাপ্ত হইবেন। আগামী ০৩/০৪/২০২০ খ্রিঃ তারিখ শুক্রবার হওয়ায় এবং ইতোমধ্যে বিশ্বজুড়ে ও দেশব্যাপী প্রানঘাতী করোনাভাইরাস জনিত রোগের প্রার্দুভাব দেখা দেওয়ায় আগামী ২৬/০৩/২০২০ খ্রিঃ তারিখ হইতে ০৪/০৪/২০২০ খ্রিঃ তারিখ সরকারী সাধারণ ছুটি ঘোষিত হওয়ায় আগামী ২৫/০৩/২০২০ খ্রিঃ তারিখ অপরাহ্নে তিনি সরকারী চাকরি হইতে অবমুক্ত হইবেন। তাঁহার অবসর গ্রহণে যাওয়ার পরবর্তী পেনশন সংক্রান্ত কার্যাদি সম্পন্ন করার জন্য জেলা ও দায়রা জজ আদালতের বেঞ্চ সহকারী জনাব মোঃ হাফিজুর রহমানকে কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা হইল।

অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ, প্রবিধি অনুবিভাগ, প্রবিধি শাখা-১ এর ২৭/০১/২০১৬ খ্রিঃ তারিখের অম/অবি/প্রবি-১/৩ পি-২/২০০৫ (অংশ-১)/৫ এবং ৩০/০৪/২০১৬ খ্রিঃ তারিখের সংশোধিত স্মারক মোতাবেক অবসরোত্তর ছুটি (**P.R.L**) শেষ হইবার পূর্বেই উক্ত আনুতোষিকের অগ্রিম (**Post dated**) চেক ও পি,পি ও প্রদানের নির্দেশনা জারী করা হইল।

এতদ্মর্মে অফিস আদেশ ইস্যু পূর্বক সংশ্লিষ্ট সকলকে অবহিত করানো হউক।

(মোঃ শরীফ হোসেন হায়দার)
জেলা ও দায়রা জজ
পঞ্চগড়।

স্মারক নং জেজপ- ৩০২(০৭)/২০২০

তারিখ ১০ /১২/১৪২৬ বঙ্গাব্দ
২৪/০৩/২০২০ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণের জন্য প্রেরিত হইলঃ-

১। ভারপ্রাপ্ত জজ, হিসাব বিভাগ, জেলা জজ আদালত, পঞ্চগড়।
২। ভারপ্রাপ্ত জজ, ফোকাল পয়েন্ট, জেলা জজ আদালত, পঞ্চগড় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, পঞ্চগড়।
৪। জনাব রণজিৎ কুমার রায়, অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, জেলা জজ আদালত, পঞ্চগড়।
৫। জনাব মোঃ হাফিজুর রহমান, বেঞ্চ সহকারী, জেলা ও দায়রা জজ আদালত, পঞ্চগড়।
৬। ব্যক্তিগত নথি।
৭। অফিস কপি।

২৪/৩/২০২০ইং

(মোঃ শরীফ হোসেন হায়দার)
জেলা ও দায়রা জজ
পঞ্চগড়।